



তারিখঃ ২০-০৫-২০২০খ্রিঃ।

স্মারক নং-৪৪৭

সুপ্রিয় সহকর্মী,

বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর এ ক্রান্তিকালে সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নির্দেশনা অনুযায়ী নিজ নিজ কর্মস্থলে নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করে যাচ্ছেন। দেশব্যাপী সড়ক নেটওয়ার্ক ও ফেরী চলাচল উপযোগী রেখে খাদ্য সরবরাহ ও জরুরী সেবাসমূহ নিশ্চিত করে দেশের অর্থনীতির ঢাকা সচল রাখতে সহায়তা করছেন। দেশের উন্নয়নের গতি বজায় রাখতে আমাদের সামনে যে কঠিন চ্যালেঞ্জ রয়েছে তা মোকাবেলায় আপনার এবং আপনার সহকর্মীদের এমন সক্রিয় অংশগ্রহণ একান্তই প্রয়োজন। এই দুর্যোগপূর্ণ সময়ে আপনার ও আপনার সহকর্মীদের সাহসিকতা, শুদ্ধাচার ও কর্তব্য নিষ্ঠা দেশবাসীর জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করছে যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুকরণীয় হয়ে থাকবে।

চলমান এ সংকটময় মুহর্তে একজন নির্ভীক যোদ্ধা হিসেবে সক্রিয় ভূমিকা রাখার জন্য আপনাকে এবং আপনার সহকর্মীদের জানাই অভিবাদন। আপনাদের পরিশ্রম ও কর্তব্যনিষ্ঠ ভূমিকার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। সড়ক ও জনপথ অধিদপ্তরের অভিভাবক হিসেবে এ যুদ্ধে সহযোদ্ধা হিসেবে আপনাদের পাশে আছি।

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর অগ্রিম শুভেচ্ছাসহ সড়ক পরিবারের সকলের সুস্বাস্থ্য, নিরাপত্তা, সাফল্যসহ সর্বাঙ্গীন কল্যাণ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ
ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

আন্তরিকভাবে আপনার
১৫/৫/২০/২০২০
(কাজী শাহরিয়ার হোসেন)
পরিচিতি নং-০০০২৯১
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সড়ক ও জনপথ অধিদপ্তর